মেহেরপুরের সাবেক এসপি নাহিদুল ইসলাম গ্রেপ্তার

রাজধানী থেকে মেহেরপুরের সাবেক এসপি একেএম নাহিদুল ইসলামকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ।

শুক্রবার (১২ সেপ্টেম্বর) রাত ২টার দিকে ইস্কাটন থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগের প্রধান অতিরিক্ত কমিশনার মো. শফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, নাহিদুল ইসলামের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মামলা রয়েছে। সেই মামলায় গ্রেপ্তারি পরোয়ানা জারি ছিল। আমরা রিকুইজিশন পাওয়ার পর গত রাতে তাকে গ্রেপ্তার করা হয়।

এর আগে, গত ২৮ জুলাই এক প্রজ্ঞাপনের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয় একেএম নাহিদুল ইসলামকে জনস্বার্থে সরকারি চাকরি থেকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, বিধি অনুযায়ী তিনি অবসরের সব সুবিধা পাবেন।

একেএম নাহিদুল ইসলাম ২০২৩ সালের ১১ জুলাই ডিআইজি পদে পদোন্নতি পান। তখন তিনি সিআইডির অতিরিক্ত ডিআইজি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। পদোন্নতির পরও তাকে সিআইডিতে রাখা হয়। তিনি অতীতে খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি (অপারেশন অ্যান্ড ক্রাইম) হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

তবে মেহেরপুর জেলায় দায়িত্ব পালনকালে তিনি নানা বিতর্কিত কর্মকান্ডে জড়িত হয়ে পড়েছিলেন। ২৪ সালের ৫ আগস্ট পরবর্তী সময়ে তার বিরুদ্ধে আদালতে দুইটি হত্যা মামলাও দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে দুই জনের জরিমান

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী ম্যাজিষ্ট্রেট সহকারি কমিশনার (ভূমি) আশিষ কুমার বসু অভিযান চালিয়ে দুইজনকে জরিমানা করেছে।

গতকাল আলমডাঙ্গা উপজেলা সহকারি কমিশনার (ভূমি) আশিষ কুমার বসু অভিযান চালিয়ে একটি দোকানে ও একটি মটর সাইকেল যাত্রী কে জরিমানা করেছে। আলমডাঙ্গা সহকারি কমিশনার ভুমি প্রধান সড়কে রাস্তার পাশে চলাচলের রাস্তা দখল করে মালামাল রাখার কারণে মানুষের চলাচলের অসুবিধা হচ্ছে এই অভিযোগে অত্যবশকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন ১৯৫৬ এর ৬ ধারায় আলামিন ক্রোকারিজের মালিককে ৫০০০ টাকা এবং ড্রাইভিং লাইসেন্স ও মটর সাইকেলের কোন কাগজ পত্র না থাকায় সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী মোটরসাইকেল চালক জাকির হোসেনকে ১৫০০টাকা জরিমানা করা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা পৌর সভার স্যানিটারী ইন্সপেক্টর মাহফুজ রানা, বাজার পরিদর্শক সুরত আলি, নাগরিক কমিটির সাধারণ সম্পাদক খন্দকার হাবিবুল করিম চঞ্চল, আবু সাইম, জেহের আলি, মনিরুজ্জামান, সোহেল রানা, আশরাফ আলি, হাফিজুর রহমান মন্ডল প্রমুখ।

আলমডাঙ্গায় পুলিশের অভিযানে গাঁজাসহ গ্রেফতার-১

আলমডাঙ্গা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২০০ গ্রাম গাঁজাসহ গ্রেফতার একজন। ২য় আসামী মোঃ খালেক মন্ডল (৫০) পালাতক।

গত সোমবার রাত ১০ ঘটিকায় মাদকদব্য উদ্ধার অভিযানে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মুহাঃ মাসুদুর রহমান এর নেতৃত্বে এসআই(নিঃ) প্রদীপ বিশ্বাস, ঘোলদাড়ী পুলিশ ক্যাম্প, সংগীয়

ফোর্সসহ থানা এলাকায় গ্রেফতারী পরোয়ানা তামিল ও মাদকদব্য উদ্ধার অভিযান পালন করে । গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানাধীন ১৫ নং আইলহাঁস ইউনিয়নের সনাতন গ্রামের জনৈক মোঃ খালেক এর বাড়ীর উঠান হতে ধৃত আসামী কাথলীর গ্রামের মোঃ শহিদুল তালুকদারের ছেলে মোঃ জনি তালুকদার(২৪) কে ২০০ গ্রাম মাদকদ্রব্য গাঁজাসহ উদ্ধারকৃত আলামত জব্দ তালিকা মূলে জব্দ করা হয় । ২য় আসামী আলমডাঙ্গা উপজেলা সনাতন গ্রামের মৃত বাবর আলীর ছেলে মোঃ খালেক মন্ডল (৫০) ঘটনার সময় দৌড়ে পালিয়ে যায়।

গ্রেফতারকৃত ও পলাতক আসামীদ্বয়ে বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা হয়েছে। আসামী কে সংশ্লিষ্ট মামলায় আদালতে প্রেরন করা হয়েছে।

সৈনিক থেকে শিল্পপতি বনে যাওয়া মেহেরপুরের হাবিবুর রহমান গ্রেপ্তার

একাধিক মামলার সাজাপ্রাপ্ত পলাতক আসামি ও শিল্পপতি হাবিবুর রহমানকে গ্রেপ্তার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।
সোমবার (৮ সেপ্টেম্বর) পটুয়াখালী জেলার মহিপুর থানার কুয়াকাটা এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত হাবিবুর রহমান মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের আজিমুদ্দিন বিশ্বাসের ছেলে।

জানা যায়, হাবিবুর রহমানের বিরুদ্ধে দেশের বিভিন্ন থানায় ও আদালতে প্রতারণা, চেক জালিয়াতিসহ মোট ১২টি মামলা রয়েছে। এর মধ্যে ৫টি মামলায় তিনি বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্ত। দীর্ঘদিন ধরে গ্রেপ্তার এড়াতে তিনি পলাতক ছিলেন।

গ্রেপ্তারের পর মঙ্গলবার তাকে আদালতে প্রেরণ করা হলে বিজ্ঞ বিচারক তাকে জেলহাজতে পাঠানোর নির্দেশ দেন।

উল্লেখ্য, শিল্পপতি হাবিবুর রহমান গত জেলা পরিষদ নির্বাচনের

প্রাক্কালে মেহেরপুরে উপস্থিত হয়ে চেয়ারম্যান প্রার্থী হিসেবে ব্যাপক গণসংযোগ চালিয়ে আলোচিত হয়েছিলেন।

মেহেরপুরে ভোক্তার অভিযানে ৩ প্রতিষ্ঠানে ৩৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুর শহরের শাহাজিপাড়ায় অভিযান চালিয়ে মিলন স্টোরকে ১০ হাজার, মেসার্স ইসরাইল এন্টারপ্রাইজকে ১৫ হাজার টাকা এবং গাজী হোম ডেলিভারিকে ১০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা- অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

সোমবার (৮ সেপ্টেম্বর) সকালে এ অভিযানে ৩ প্রতিষ্ঠানের কাছ থেকে ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

অভিযান সূত্রে জানা যায়, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স না নিয়ে ব্যবসা পরিচালনা এবং পণ্যের উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণ তারিখসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যবিহীন শিশু খাদ্য (চিপস, জুস, লজেন্স) বাজারজাত ও বিক্রয় করার কারণে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭, ৪৫ ও ৫২ ধারায় মিলন স্টোরকে ১০ হাজার টাকা, মেসার্স ইসরাইল এন্টারপ্রাইজকে ১৫ হাজার টাকা এবং গাজী হোম ডেলিভারিকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। সর্বমোট ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং দ্রুততম সময়ে ত্রুটি সংশোধনের নির্দেশনা দেওয়া হয়।

অভিযানে সার্বিক সহযোগিতায় ছিলেন স্যানিটারি ইন্সপেক্টর মো. তারিকুল ইসলাম ও জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানানো হয়।

আলমডাঙ্গায় ১০০ গ্রাম গাঁজাসহ আটক এক

আলমডাঙ্গায় ১০০ গ্রাম গাঁজাসহ একজনকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার সকালে উপজেলার শিয়ালমারী গ্রামের বানাতখাল মোড়ে এ অভিযান চালানো হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ মাসুদুর রহমান, পিপিএম জানান, সকালে গ্রেফতারি পরোয়ানা তামিল ও মাদকদ্রব্য উদ্ধার অভিযানে বের হন তাঁরা।

এ সময় গোপন সংবাদের ভিত্তিতে আসমানখালী পুলিশ ক্যাম্পের এসআই (নিঃ) আহম্মদ আলীর নেতৃত্বে পুলিশের একটি দল অভিযান চালায়।

অভিযানে শিয়ালমারী উত্তরপাড়ার একটি চায়ের দোকানের সামনে থেকে বটিয়াপাড়া গ্রামের মৃত আহম্মদ আলী বিশ্বাসের ছেলে মো. মশিউর রহমান মন্টু (৬০)-কে আটক করা হয়। তাঁর কাছ থেকে ১০০ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

পরে ঘটনাস্থলেই জব্দ তালিকা মূলে আলামত জব্দ করা হয়। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১) সারণির ১৯(ক) ধারায় মামলা (নং-১১, তারিখ- ০৪/০৯/২০২৫) দায়ের করা হয়েছে।

ওসি মাসুদুর রহমান বলেন, “মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে। এলাকায় মাদক নির্মূলে পুলিশের পাশাপাশি সাধারণ মানুষের সহযোগিতাও প্রয়োজন।”

মেহেরপুরে মাদক মামলায় ২ আসামির জেল-জরিমানা

মেহেরপুরে মাদক রাখার অপরাধে মোঃ জনিরুল ইসলাম ওরফে জনি ও মোঃ শাহাবুদ্দিন শেখকে ২ বছর সশ্রম কারাদণ্ড এবং ৫ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছেন আদালত।

অনাদায়ে আরও ১৫ দিনের কারাদণ্ড দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

আদালত সূত্রে জানা যায়, ২০২৪ সালের ২৪ ফেব্রুয়ারি রাতে গোপন সংবাদের ভিত্তিতে এসআই মেজবাহুর দারাইন সঙ্গীয় ফোর্স নিয়ে সদর উপজেলার গোভিপুর থেকে হরিরামপুর এলাকায় অভিযান চালান। এ সময় আসামি মোঃ জনিরুল ইসলাম ওরফে জনি ও মোঃ শাহাবুদ্দিন শেখকে গোভিপুর-হরিরামপুর সড়কের কালভার্টের কাছ থেকে আটক করা হয়। পরে উপস্থিত সাক্ষীদের সামনে ১নং আসামি জনির জিন্সের ডান পকেট থেকে ৩ গ্রাম এবং ২নং আসামি শাহাবুদ্দিনের লুঙ্গির ডান পাশের কোচর থেকে ২ গ্রাম মোট ৫ গ্রাম হেরোইন তারা নিজেরাই বের করে দেয়।

মামলার তদন্তকারী কর্মকর্তারা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। নথি ও সাক্ষ্য পর্যালোচনা শেষে আদালত এ রায় দেন।
রায় ঘোষণার পর আসামিদের কারাগারে পাঠানো হয়েছে।

মেহেরপুরে সংঘর্ষের মামলায় ৮ আসামির জেল-জরিমানা

সংঘর্ষের মামলায় মেহেরপুরের ৮ আসামিরকে জেলা-জরিমানা দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট

মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

মামলার প্রধান আসামি মোঃ সেন্টু মিয়াকে ২ বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ২০ দিনের কারাদণ্ড দেওয়া হয়েছে।

মামলার অন্য আসামি শুকুর আলী, রইস উদ্দিন, মোঃ বাবলু মিয়া, মোঃ শফিকুল ইসলাম, মোঃ আতিয়ার রহমান, মোঃ মজিবর রহমান ও মোঃ তোজাম্মেল হক প্রত্যেককে ১ বছরের কারাদণ্ড ও ১ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ১০ দিনের কারাদণ্ড প্রদান করা হয়েছে। তবে আসামি মোঃ আনারুল ইসলামকে খালাস দেওয়া হয়।

মামলার বিবরণে জানা যায়, ২০১৯ সালের ২০ এপ্রিল সকালে গাংনীর কল্যাণপুর এলাকায় জমি সংক্রান্ত বিরোধের জেরে বাদীর বাড়িতে আসামিরা হামলা চালায়। এ সময় কাঠের বাটাম, লোহার রড, বাঁশের লাঠি, দা ও হাসুয়া দিয়ে একাধিক ব্যক্তিকে আঘাত করে গুরুতর জখম করে।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। মামলার নথি ও সাক্ষীদের সাক্ষ্য পর্যালোচনা করে তাদের বিরুদ্ধে উপরোক্ত রায় দেন। রায় ঘোষনার পরে আসামীকে জেল হাজতে পাঠানো হয়েছে।

গাংনীতে সাজা প্রাপ্ত আসামীসহ গ্রেফতার ২

মেহেরপুরের গাংনীতে পুলিশের ২৪ ঘণ্টার বিশেষ অভিযানে ২ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল বুধবার রাত থেকে আজ বৃহস্পতিবার ভোর পর্যন্ত গাংনী থানা পুলিশ এ অভিযান পরিচালনা তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার মাইলমারী গ্রামের মৃতঃ শহিদুল ইসলামের ছেলে মোঃ শাহরিয়ার রেজা প্রিন্স(২৮), আলিনগর গ্রামের

সুলতানের ছেলে মোঃ আবুল কালাম আজাদ(৩৮)।

গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের গ্রেফতার করতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

চুয়াডাঙ্গায় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইনে ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারকে জরিমানা

চুয়াডাঙ্গায় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইনে মেয়াদ উত্তীর্ণ রিএজেন্ট ফ্রিজে সংরক্ষণ ও ব্যবহার করার কারণে ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের স্বত্বাধিকারীদের জরিমানা করা হয়েছে। আজ বুধবার বেলা ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত চুয়াডাঙ্গার হাসপাতাল সড়কে পরিচালিত ওই তদারকির সময় জরিমানা করা হয়।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান জানান, তদারকিতে মেয়াদ উত্তীর্ণ রিএজেন্ট ফ্রিজে সংরক্ষণ ও ব্যবহার করার কারণে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫১ ধারায় যৌথ স্বত্ত্বাধিকারী প্রতিষ্ঠান জনতা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারের স্বত্বাধিকারী জান্নাতুল, হাসান, ইসমাঈল, হাসনাত, শাকিল এবং ওলিকে ৩০ হাজার টাকা ও নিউ জনতা ডায়াগনস্টিক সেন্টারের স্বত্বাধিকারী মমিনুল ইসলামকে ৩০ হাজার টাকা জরিমানা আরোপ ও তাদের কাছ থেকে জরিমানার টাকা আদায় করা হয়। এসময় চিকিৎসা প্রতিষ্ঠানসমূহের প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ করা ও মেয়াদ উত্তীর্ণ রিএজেন্ট ব্যবহার না করার নির্দেশনা দেয়া হয়।

তদারকি কাজে সার্বিক সহযোগিতায় ছিলেন, পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক নরেশ চন্দ্র বিশ্বাস, পৌর স্যানিটারী ইন্সপেক্টর